



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

নরসিংদী

ফোন : ০২২২৪৪৫৩২১৩, ০২-৯৪৬৪৪৫৮

E-mail: crmmorshingdi@krishibank.org.bd

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরের ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব রুহুল আমিন
তারিখ ও সময় : ১৯.১১.২০২৩ ইং, বিকাল ৩.০০ ঘটিকা
স্থান : মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয়ের কক্ষে

সভাপতি মহোদয় অত্র অঞ্চলে তাঁর কর্মকালের ১ম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার গুরুত্ব, শুদ্ধাচার চর্চা ও দূর্নীতি প্রতিরোধের মাধ্যমে চলতি প্রান্তিকের লক্ষ্যমাত্রাসমূহের অর্জন নিশ্চিতকরণ করার দিক নির্দেশনা প্রদান করেন এবং নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব হাবিবুর রহমান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা কে আজকের সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহ্বান জানান।


০২। জনাব মোঃ হাবিবুর রহমান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২৩-২৪ অর্থবছরের ১ম প্রান্তিকের সভার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে আলোকপাত করেন এবং সংশ্লিষ্ট বিষয়ে উপস্থিত সকলকে মতামত প্রদানের এবং আলোচনায় অংশগ্রহণের আহ্বান জানান।


০৩। সভায় অন্যান্য বিষয়ের পাশাপাশি ২০২৩-২৪ অর্থবছরের ১ম প্রান্তিকের সভার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং ১ম প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ শতভাগ অর্জন করার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়।


০৪। সভায় আলোচ্য বিষয়গুলো থেকে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


- ১। সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনা প্যাকেজের আওতায় ঋন বিতরণ কর্মসূচি যথাযথ ব্যক্তি ও খাত চিহ্নিত পূর্বক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- ২। খেলাপী, পুনঃতফসীলত, WCL-1 ও WCL-1 সহ প্রতিটি ঋণগ্রহীতাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে পূর্বের গৃহীত ঋণের টাকা পরিশোধ করে নতুনভাবে ঋণ নেয়ার বিষয়ে সচেতন করতে হবে;
- ৩। চলমান ১০০ দিনের লক্ষ্যমাত্রা মতভাগ অর্জনে শাখাসমূহে প্রধান কার্যালয়ের নির্দেশনা অবহিত করা;
- ৪। সকলকে মানিলভারি রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং এতদবিষয়ে যথাসময়ে সভা আয়োজন করতে হবে;
- ৫। অত্র অঞ্চলের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করবেন, পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করতে হবে;
- ৬। শাখাসমূহে কাস্টমার সার্ভিসের মানোন্নয়ন করা;
- ৭। সর্বশেষ পূণাঙ্গ হিসাব সমাপনীতে ঋণ শ্রেণীকরণে ক্রেডি-বিচ্যুতি পরিহার ও সংশোধনপূর্বক আগামী অর্ধবার্ষিক হিসাব সমাপনী সঠিকভাবে সম্পন্ন করা।


০৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন পদ্ধতির সাথে একাত্মতা প্রকাশ এবং নিষ্ঠা, সততা ও দক্ষতার সমন্বয়ে এই প্রচেষ্টাকে এগিয়ে নেওয়ার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক যথাযথভাবে কাজ করে যাবে। তাতে ভালো কাজ করা আমাদের অভ্যাসে পরিণত হবে এবং আমাদের প্রাণের প্রতিষ্ঠানের ভাবমূর্তি উজ্জ্বল হবে। প্রত্যেকের দায়িত্ব প্রত্যেকে যথাযথভাবে পালন করলেই সমাজে ও রাষ্ট্রে শুদ্ধাচার প্রতিষ্ঠিত হবে। শুদ্ধাচার কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নের আহ্বান করে এবং সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মো: হাবিবুর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ও
সদস্য সচিব/
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি


(ফাতেমা নাসরীন)
মুখ্য কর্মকর্তা ও
সদস্য
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি


(মো: সালাহ উদ্দিন)
মুখ্য কর্মকর্তা ও
সদস্য
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি


(ম.ম. কামরুন্নামিন আল-
আসিফ)
সহকারী প্রকৌশলী
ও
সদস্য
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি


(রুহুল আমিন)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভাপতি
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি